তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
তিতাস গ্যাস ভবন
১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ
কাওরান বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১৫।

"জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার"

"গ্যাস জাতীয় সম্পদ, এর অপচয় রোধ করে, জাতীয় দায়িত্ব পালন করুন"

বিজ্ঞপ্তি নং-২৮.১৩.০০০০.০০০.০৯২.১১.০০০১.২৬/৬৯

তারিখঃ ১৬/০৭/২০২৬ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-এ নিম্নবর্ণিত পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | করণিক | ২৮ | ১৬তম<br>৯,৩০০-২২,৪৯০/- | ন্যূনতম এইচএসসি পাশ এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ (এক) বছরের অভিজ্ঞতা। |

নোট: জিপিএ/সিজিপিএ-তে ফলাফল প্রাপ্ত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার বিভাগ/শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/ইউজিসি কর্তৃক জারিকৃত সংশ্লিষ্ট প্রজ্ঞাপন/পরিপত্র অনুসরণ করা হবে। আবেদন সংক্রান্ত অন্যান্য শর্তাবলী টিজিটিডিপিএলসি'র ওয়েবসাইট (**https://titasgas.gov.bd**), পেট্রোবাংলা'র ওয়েবসাইট (**https://petrobangla.org.bd**), টেলিটক বাংলাদেশ লিমিটেড-এর ওয়েবসাইট (**https://tgtdplc.teletalk.com.bd**) এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ওয়েবসাইট (**https://emrd.gov.bd**)-এ পাওয়া যাবে।

উপমহাব্যবস্থাপক
নিয়োগ ও প্রশিক্ষণ বিভাগ
ও সদস্য সচিব, সংশ্লিষ্ট জুনিয়র সিলেকশন কমিটি

তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
তিতাস গ্যাস ভবন
১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ
কাওরান বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১৫।

"জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার"

"গ্যাস জাতীয় সম্পদ, এর অপচয় রোধ করে, জাতীয় দায়িত্ব পালন করুন"

বিজ্ঞপ্তি নং-২৮.১৩.০০০০.০০০.০৯২.১১.০০০১.২৬/৭০

তারিখঃ ১৬/০৭/২০২৬ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-এ নিম্নবর্ণিত পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | হিসাব সহকারী | ৪৯ | ১৩তম<br>১১,০০০-২৬,৫৯০/- | ন্যূনতম এইচএসসি(বাণিজ্য) পাশসহ হিসাব/ অডিট/ অর্থ বিষয়ে কমপক্ষে ৪ (চার) বছরের অভিজ্ঞতা। |

নোট: জিপিএ/সিজিপিএ-তে ফলাফল প্রাপ্ত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার বিভাগ/শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/ইউজিসি কর্তৃক জারিকৃত সংশ্লিষ্ট প্রজ্ঞাপন/পরিপত্র অনুসরণ করা হবে। আবেদন সংক্রান্ত অন্যান্য শর্তাবলী টিজিটিডিপিএলসি'র ওয়েবসাইট (**https://titasgas.gov.bd**), পেট্রোবাংলা'র ওয়েবসাইট (**https://petrobangla.org.bd**), টেলিটক বাংলাদেশ লিমিটেড-এর ওয়েবসাইট (**https://tgtdplc.teletalk.com.bd**) এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ওয়েবসাইট (**https://emrd.gov.bd**)-এ পাওয়া যাবে।

উপমহাব্যবস্থাপক
নিয়োগ ও প্রশিক্ষণ বিভাগ
ও সদস্য সচিব, সংশ্লিষ্ট জুনিয়র সিলেকশন কমিটি

তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
তিতাস গ্যাস ভবন
১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ
কাওরান বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১৫।

"জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার"

"গ্যাস জাতীয় সম্পদ, এর অপচয় রোধ করে, জাতীয় দায়িত্ব পালন করুন"

বিজ্ঞপ্তি নং-২৮.১৩.০০০০.০০০.০৯২.১১.০০০১.২৬/৭১

তারিখঃ ১৬/০৭/২০২৬ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-এ নিম্নবর্ণিত পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | উন্নয়নকারী | ৪১ | ১৬তম<br>৯,৩০০-২২,৪৯০/- | বিজ্ঞানে এসএসসি পাশসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা। |
| ২. | সাহায্যকারী | ১৭ | ১৮তম<br>৮,৮০০-২১,৩১০/- | বিজ্ঞানে এসএসসি পাশসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা। |

নোট: জিপিএ/সিজিপিএ-তে ফলাফল প্রাপ্ত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার বিভাগ/শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/ইউজিসি কর্তৃক জারিকৃত সংশ্লিষ্ট প্রজ্ঞাপন/পরিপত্র অনুসরণ করা হবে। আবেদন সংক্রান্ত অন্যান্য শর্তাবলী টিজিটিডিপিএলসি'র ওয়েবসাইট (**https://titasgas.gov.bd**), পেট্রোবাংলা'র ওয়েবসাইট (**https://petrobangla.org.bd**), টেলিটক বাংলাদেশ লিমিটেড-এর ওয়েবসাইট (**https://tgtdplc.teletalk.com.bd**) এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ওয়েবসাইট (**https://emrd.gov.bd**)-এ পাওয়া যাবে।

উপমহাব্যবস্থাপক
নিয়োগ ও প্রশিক্ষণ বিভাগ
ও সদস্য সচিব, সংশ্লিষ্ট জুনিয়র সিলেকশন কমিটি

**সাধারণ শর্তাবলীঃ**

১। (ক) আবেদনকারীর বয়স ১৬-০৭-২০২৬ তারিখে ১৮ থেকে অনূর্ধ্ব ৩২ বছরের মধ্যে হতে হবে।

(খ) বয়স প্রমাণের ক্ষেত্রে স্বীকৃত শিক্ষাবোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেট/জন্ম নিবন্ধন (প্রযোজ্য ক্ষেত্রে)-এ লিপিবদ্ধ জন্ম তারিখ প্রকৃত জন্ম তারিখ হিসেবে গণ্য করা হবে। "ও" লেভেল এবং "এ" লেভেল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণক জমা দিতে হবে।

(গ) বয়স সংক্রান্ত কোনো হলফনামা (Affidavit) গ্রহণযোগ্য হবে না।

২। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক নির্ধারিত তারিখের মধ্যে আবেদন করতে হবে।

৩। যে সকল প্রার্থী কোন বিদেশী নাগরিককে বিয়ে করেছেন অথবা বিয়ে করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছেন, সে সকল প্রার্থী সরকারের লিখিত অনুমতি ব্যতিরেকে আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন না।

৪। এ নিয়োগের ক্ষেত্রে সরকারি নির্দেশনা ও কোটা নীতি/কোম্পানি'র বিদ্যমান বিধি-বিধান অনুসরণ করা হবে এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য (সর্বশেষ) বিধি-বিধান/নির্দেশনা অনুসরণ করা হবে।

৫। অসম্পূর্ণ/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদন ফরম এবং চাকুরির বিজ্ঞপ্তিতে প্রকাশিত ন্যূনতম যোগ্যতার সাথে যেমন-বয়স, শিক্ষাগত যোগ্যতা, স্থায়ী ঠিকানা, জাতীয়তা ইত্যাদি যে কোন বিষয়ে অসামঞ্জস্যপূর্ণ তথ্য দ্বারা পূরণকৃত আবেদন নিয়োগের যে কোন পর্যায়ে বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে প্রার্থীর কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৬। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে পরীক্ষা গ্রহণ কিংবা আবেদিত পদে নিয়োগ প্রদান করতে কর্তৃপক্ষ বাধ্য থাকবে না। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন দরখাস্ত গ্রহণ অথবা বাতিল এবং নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৭। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা অভিজ্ঞতার সনদ অসত্য বা মিথ্যা বা জাল বলে প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮। এ নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

৯। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। একজন প্রার্থী একটিমাত্র পদে আবেদন করতে পারবেন। কোন প্রার্থী একাধিক পদে আবেদন করলে তার সকল আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে।

১১। কোন ফলাফল প্রত্যাশী (Appeared) প্রার্থী আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

**অনলাইনে আবেদনের নিয়মঃ**

১২। অনলাইনে (Online)-এ আবেদন ফরম পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখঃ

পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ https://tgtdplc.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ-

ক. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ **২৩/০৭/২০২৬ সকাল ১০.০০টা।**

খ. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ **২১/০৮/২০২৬ বিকাল ০৫.০০টা।**

গ. উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদন ফরম Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারবেন।

১৩। <u>অনলাইনে (Online)-এ আবেদনের পদ্ধতিঃ</u>

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ https://tgtdplc.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবে।

খ. Online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবে।

গ. Online-এ আবেদন ফরমে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদন ফরম Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবে।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবে।

ঙ. <u>SMS ও আবেদন ফি প্রদান সংক্রান্ত নিয়মাবলীঃ</u>

Online-এ আবেদন ফরম (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদন ফরম Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবে। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং এ User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২টি SMS করে আবেদন ফি বাবদ ১৩তম ও ১৬তম গ্রেডের জন্য ৳ ১১২.০০, ১৮তম গ্রেডের জন্য ৳ ৫৬.০০ এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ সকল গ্রেডের জন্য ৳ ৫৬.০০ (টেলিটক এর সার্ভিস চার্জসহ) জমা দিবেন।

**অনলাইন (Online)-এ আবেদন ফরমের সকল অংশ অবশ্যই পূরণ করতে হবে, প্রযোজ্য নয় ক্ষেত্রে N/A লিখতে হবে।**

এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, **Online-এ আবেদন ফরম-এর সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদন ফরম কোন অবস্থাতেই গৃহীত হবে না।**

<u>প্রথম SMS:</u> **TGTDPLC**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে.

Example: TGTDPLC ABCDEF and Send to 16222.

Reply: Applicant's Name, Post Name, TK-112/- will be charged as application fee. Your PIN (8 digit number) e.g.12345678.

<u>দ্বিতীয় SMS:</u> **TGTDPLC**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: TGTDPLC YES 12345678 and Send to 16222.

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for TGTDPLC Application for <post name> User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. বিজ্ঞপ্তিটি পত্রিকায় ছাড়াও QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময়, ও অন্যান্য তথ্য ও প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://tgtdplc.teletalk.com.bd অথবা তিতাস গ্যাস টি এন্ড ডি পিএলসি'র এর ওয়েবসাইটে (Website: **https://titasgas.gov.bd**)) এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যম (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল

ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download করে রঙিন Print করে নিবেন। প্রার্থী এই Admit Card-টি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু Teletalk Pre-paid Mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে **TGTDPLC** <space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.
Example: TGTDPLC HELP USER ABCDEF & Send to 16222.

ii. PIN Number জানা থাকলে **TGTDPLC**<space>**HELP**<space>**PIN**<space>**PIN NO** & Send to 16222.
Example: TGTDPLC HELP PIN 12345678 & Send to 16222.

ঝ. অনলাইনে আবেদন করতে সমস্যা হলে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা recruitment@titasgas.org.bd এ ই-মেইল, এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: TGTDPLC, Post Name: •••, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ঞ. অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ট. ঘোষণা (Declaration): প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে-কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। শারীরিক প্রতিবন্ধী হিসেবে আবেদনকারী প্রার্থীদের মধ্যে যে সকল প্রার্থী শ্রুতিলেখকের সহায়তায় পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক এরূপ প্রার্থীদের নিম্নোক্ত কাগজপত্রসহ রেজিস্ট্রেশন সম্পন্ন হওয়ার ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে অফিস চলাকালীন মহাব্যবস্থাপক (এইচ.আর.) ও আহবায়ক, সংশ্লিষ্ট সিলেকশন কমিটি, তিতাস গ্যাস টি এন্ড ডি পিএলসি, ১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫ বরাবর আবেদন করতে হবেঃ

(ক). অনলাইন আবেদনপত্রের কপি;

(খ). প্রার্থীর ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;

(গ). সমাজসেবা অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত পরিচয়পত্র (সুবর্ণ নাগরিক কার্ড);

(ঘ). দৃষ্টি প্রতিবন্ধী নয় কিন্তু আকস্মিক দুর্ঘটনাজনিত কারণে কিংবা স্থায়ী প্রতিবন্ধীতার কারণে স্বহস্তে লিখতে সক্ষম নয় এইরূপ পরীক্ষার্থী শ্রুতিলেখক নিয়ে পরীক্ষা দিতে চাইলে সেক্ষেত্রে সিভিল সার্জন বা উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তার নিকট হতে শ্রুতিলেখকের প্রয়োজনীয়তা সম্পর্কে প্রদত্ত প্রত্যয়নপত্র;

১৫। আবেদন ফরম সঠিকভাবে পূরণ ও বিজ্ঞাপনে বর্ণিত শর্তাদি প্রতিপালন করা হলে সংশ্লিষ্ট প্রার্থীগণ লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। প্রার্থীকে মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণকালে অনলাইন আবেদন ফরম-এ প্রার্থীর উল্লিখিত তথ্য প্রমাণের জন্য আবশ্যিকভাবে

নিম্নলিখিত কাগজপত্র/সার্টিফিকেট (মূলকপি) সংশ্লিষ্ট কমিটি/কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে এবং একসেট সত্যায়িত (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক) কপি দাখিল করতে হবেঃ

(ক). সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (প্রযোজ্য ক্ষেত্রে) সার্টিফিকেট;

(খ). ইউনিয়ন পরিষদ-এর চেয়ারম্যান বা পৌরসভা/সিটি কর্পোরেশন-এর মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর নিজ জেলা উল্লেখপূর্বক প্রদত্ত নাগরিকত্ব সার্টিফিকেট;

(গ). জাতীয় পরিচয়পত্র;

(ঘ). বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate);

(ঙ). সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র;

(চ). অনলাইন (Online)-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy);

(ছ). কোটাধারী প্রার্থীদের ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ প্রজ্ঞাপন/নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি।

১৬। নিয়োগ সংক্রান্ত সর্বশেষ তথ্যাদি তিতাস গ্যাস টি এন্ড ডি পিএলসি'র ওয়েবসাইট (**https://titasgas.gov.bd**), পেট্রোবাংলা'র ওয়েবসাইট (https://petrobangla.org.bd) এবং টেলিটক বাংলাদেশ লিমিটেড-এর ওয়েবসাইট (https://tgtdplc.teletalk.com.bd)-এ প্রকাশিত হবে বিধায় চাকুরি প্রার্থীদের সংশ্লিষ্ট Website Visit করতে হবে।

১৭। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

উপমহাব্যবস্থাপক
নিয়োগ ও প্রশিক্ষণ বিভাগ
ও সদস্য সচিব,
সংশ্লিষ্ট জুনিয়র সিলেকশন কমিটি

তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি -এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি -এর টেলিটক পোর্টালের QR Code